অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/12/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর ক্যাথি হোকল বাফেলোর অ্যাপোলো মিডিয়া সেন্টারের অত্যাবশ্যকীয় উন্নয়নকাজের ঘোষণা করলেন

962,000 মার্কিন ডলারের বিনিয়োগটি সেন্টারকে ইস্ট বাফেলোতে ব্যবসায়িক বিকাশ, চাকরির প্রশিক্ষণ, এবং তরুণদের কর্মসূচির সমর্থনে নতুন সরঞ্জাম ক্রয় করতে সাহায্য করবে

ইস্ট বাফেলোকে পুনর্জীবিত করতে নিউ ইয়র্কের 65 মিলিয়ন মার্কিং ডলার প্লেসমেকিং কৌশলের অনুবর্তী

গভর্নর ক্যাথি হোকল আজকে ইস্ট বাফেলোতে চাকরির প্রশিক্ষণ, তরুণদের কর্মসূচি এবং মিডিয়া প্রযোজনার সমর্থন করার জন্য অ্যাপোলো মিডিয়া সেন্টারের (Apollo Media Center) উন্নয়নকাজ করার একটি পরিকল্পনা ঘোষণা করলেন। নতুন সরঞ্জাম পেলে অ্যাপোলো সিটির ব্যবসার মালিক বাসিন্দাদের জন্য মিডিয়া শিক্ষা সম্প্রসারিত করতে পারবে এবং তরুণ মানুষদের সঙ্গীত ও শিল্প নিয়ে কাজ করার একটি নিরাপদ সৃজনশীল আউটলেট প্রদান করবে, একইসাথে তাদের মিডিয়া ক্যারিয়ারের সাথে পরিচিত করতে সাহায্য করার জন্য ভিডিও তৈরি এবং কোডিং দক্ষতা শেখাবে। অ্যাপোলোতে প্রযোজনা কাজ হওয়ার একটি নমুনা এখানে দেখা যাবে।

"অ্যাপোলো মিডিয়া সেন্টার এখনো তরুণদের এবং বাফেলোর ব্যবসা সম্প্রদায়ের সদস্যদেরকে ভিডিও এডিটিং, গ্রাফিক্স, এবং স্টুডিও প্রযোজনার প্রতি প্রবল আগ্রহকে অনুপ্রাণিত করা অব্যাহত রেখেছে এবং এর মিডিয়া শিক্ষার কর্মসূচিকে সমর্থন করতে এই বিনিয়োগটি সাহায্য করবে," **গভর্নর হোকল বলেন।**"একটি ব্যবসায়িক বিকাশ ও শিক্ষা কেন্দ্র হিসেবে, উচ্চতর শিক্ষার একটি প্রথম ধাপ হিসেবে, এবং গত বছরের মর্মান্তিক গুলির ঘটনার পরবর্তীতে অত্যাবশ্যকীয় তথ্য ও সম্প্রদায়ের সংস্থানের একটি কেন্দ্র হিসেবে বহু বছর ধরে অ্যাপোলো, ইস্ট বাফেলো অঞ্চলের একটি নোঙ্গর হয়ে আছে। প্রকল্পটি ইস্ট বাফেলোর মানুষকে উত্থিত করতে স্টেটের প্রতিশ্রুতিকে আরেকবার প্রমাণ করে এবং আগামী অনেক বছর ধরে অ্যাপোলো যাতে সম্প্রদায়ের ভূমিকা পালন করতে পারে তা এটি নিশ্চিত করবে।"

বর্তমানে, অ্যাপোলো মিডিয়া সেন্টার টেলিভিশন প্রযুক্তি, এডিটিং, ফটোশপ, এবং ডিজিটাল ডিজাইনের উপর ক্লাস নেয়, কিন্তু তা সীমিত পরিসরে হয়ে থাকে। অ্যাপোলোর সরঞ্জাম হালনাগাদ করা হলে সেন্টারটি কর্মসূচি সম্প্রসারিত করতে পারবে এবং ইস্ট বাফেলোর

ব্যবসায়িক বিকাশ, চাকরির প্রশিক্ষণ, তরুণদের কর্মসূচি এবং সৃজনশীল বহিঃপ্রকাশকে আরো সমর্থন করতে দিবে। পাশাপাশি, বাসিন্দারা সিটির পাবলিক অ্যাক্সেস চ্যানেলের জন্য শিক্ষামূলক কন্টেন্ট তৈরি করার জন্য হালনাগাদকৃত স্টুডিওগুলি ব্যবহার করতে পারবে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন, "অ্যাপোলো মিডিয়া সেন্টারকে প্রদত্ত সরঞ্জামসমূহ শিক্ষার্থী ও বাসিন্দাদেরকে প্রযোজনা দক্ষতা এবং মাল্টি-মিডিয়া শিক্ষা অর্জন করতে সাহায্য করবে যা আজকের অর্থনীতিতে চাকরি পেতে এবং ব্যবসার বিকাশে গুরুত্বপূর্ণ। ইস্ট বাফেলো এবং এর সকল সম্ভাবনার উপর আলোকপাত করবে এমন প্রভাবশালী প্রকল্প তৈরির জন্য শিক্ষার্থীরা ক্যামেরা, এডিটিং বুথ এবং প্রযোজনা স্টুডিও ব্যবহার করার সুযোগ পাবে। শিক্ষার্থীদের কাজ এবং সম্প্রদায়ে তা কী প্রভাব ফেলবে তা দেখার জন্য আমরা উন্মুখ।"

বাফেলো সিটির মেয়র বায়রন ব্রাউন বলেন, "বাফেলোতে চাকরি আনতে এবং তৈরি করতে আমরা সম্ভাব্য সবকিছু করছি, এবং বাফেলোর ডিজিটাল যোগাযোগ এবং মিডিয়া কর্মীবাহিনীর অংশ হতে চাওয়া আমাদের সম্প্রদায়কে সমতা প্রদান করবে এমন দুর্দান্ত একটি বিনিয়োগ অ্যাপোলো মিডিয়া সেন্টারে করার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি।আমরা যাতে আমাদের নিজেদের প্রতিভাকে আমাদের এলাকায়, জেফারসন অ্যাভেনিউ করিডোরের অনন্য এই ফ্যাসিলিটিতে বিকাশ করতে পারি এবং আকর্ষণীয় এই ক্যারিয়ারগুলিকে বাসিন্দাদের কাছে তাদের নিজেদের সম্প্রদায়েই উপলভ্য করতে পারি, এই আগামী প্রজন্মের, অত্যাধুনিক মিডিয়া সেন্টারটি তা নিশ্চিত করতে সাহায্য করবে।

স্টেটের সিনেটর টিম কেনেডি বলেন, "অনেক দশক ধরে অ্যাপোলো মিডিয়া সেন্টার সম্প্রদায়ের একটি গুরুত্বপূর্ণ সংস্থান হিসেবে কাজ করেছে, এবং কর্মসূচি, তথ্য, এবং শিক্ষার প্রচার করার জন্য এই স্থানটি শহরের জন্য কতটা গুরুত্বপূর্ণ, 14 মে এর আক্রমণটি তা আরো ভালোভাবে প্রকট করেছে। সরঞ্জাম হালনাগাদকরণের জন্য এই বিনিয়োগটি সাংবাদিক, ব্যবসার মালিক, চাকরিসন্ধানী, ইত্যাদির একটি নতুন প্রজন্ম গঠনে সাহায্য করবে এবং বাফেলোর ইস্ট সাইডে সুযোগ অব্যাহত রাখতে ইন্ধন প্রদান করবে।"

অ্যাসেম্বলির সংখ্যাগরিষ্ঠ নেতা ক্রিস্টাল পিপলস-স্টোকস বলেন, "অ্যাপোলো মিডিয়া সেন্টারের 962,000 মার্কিন ডলার মূল্যমানের নতুন সরঞ্জামের জন্য এই বিনিয়োগটি আমাদের তারুণ্য, আমাদের সম্প্রদায়, এবং আমাদের ভবিষ্যৎ অর্থনীতির জন্য একটি বিনিয়োগ। ক্ষুদ্র ব্যবসাসমূহকে বিজ্ঞাপনের স্থান প্রদান করা, পাবলিক সার্ভিস ঘোষণার মাধ্যমে সচেতনতা বৃদ্ধি করা এবং তরুণ প্রাপ্তবয়স্কদের নিজেদের সৃজনশীল প্রতিভা সূক্ষ্ম করা এবং প্রকাশ করতে দিলে তা তাদেরকে মিডিয়া, মার্কেটিং, পারফর্মিং আর্টস, ফিল্ম ইন্ডাস্ট্রি ইত্যাদিতে টেকসই ক্যারিয়ার পথের প্রশিক্ষণ পাওয়ার একটি সুযোগ প্রদান করে।এটিকে সম্ভব করার জন্য মেয়র ব্রাউন এবং বাফেলো সিটি, হোপ নাইট এবং এম্পায়ার স্টেট "

ইরি কাউন্টির নির্বাহী মার্ক পোলনকার্জ বলেন, "অ্যাপোলো মিডিয়া সেন্টার হল সম্প্রদায়ের একটি কেন্দ্র এবং মানুষকে একত্রিত করার জন্য এটি অন্ধকার সময়ে আলো হিসেবে কাজ

করেছে। সেন্টারে এই বিনিয়োগটি আরো শিক্ষার্থী এবং ব্যক্তিকে নিজেদের সৃজনশীলতা প্রকাশ করতে, নিজেদের স্বপ্ন ও আকাঙ্ক্ষাকে জীবন ও স্বর দিতে, এবং ব্যবসা ও জীবনে অগ্রগতি ও বিকাশে তাদের সাহায্য করবে এমন বিক্রয়যোগ্য দক্ষতা অর্জন করার পন্থা খুঁজে নিতে সাহায্য করবে।"

অ্যাপোলো মিডিয়া সেন্টারের ক্লাস এবং কর্মসূচিসমূহের ব্যাপারে আরো তথ্যের জন্য, www.ApolloMediaCenter.com এ যান।

অ্যাপোলো মিডিয়া সেন্টারের পরিচালক কার্ডিন্যাল গ্রিন বলেন, "অনুদানটি আমাদের সম্প্রদায়ে অ্যাপোলো মিডিয়া সেন্টারের অব্যাহত প্রভাব এবং একইসাথে এটি ডিজিটাল যুগে আমরা যেই সমস্যার সম্মুখীন হই তা মোকাবেলা করতে আমাদের যে সাহায্য করছে তার স্বীকৃতি প্রদান করে। আমি এই অতি গুরুত্বপূর্ণ বিনিয়োগের জন্য গভর্নর ক্যাথি হোকলকে ধন্যবাদ জানাচ্ছি, এটি আমাদেরকে শিক্ষার্থীদের এবং মিডিয়া ক্যারিয়ারে আগ্রহী সম্প্রদায়ের ব্যক্তিদেরকে মানসম্পন্ন প্রশিক্ষণ প্রদান করার জন্য প্রয়োজনীয় আধুনিক মিডিয়া সরঞ্জাম ক্রয় করতে দিবে।"

ইস্ট সাইড করিডোর অর্থনৈতিক বিকাশ তহবিলের (East Side Corridor Economic Development Fund) মাধ্যমে, অ্যাপোলোর উন্নয়নকাজ সমর্থন করার জন্য নিউ ইয়র্ক স্টেট বাফেল সিটিকে 962,000 মার্কিন ডলার মূল্যমানের প্রণোদনা প্রদান করছে। এলাকাসমূহকে স্থিতিশীল করা এবং বাড়ির মালিকানার সুযোগ নিশ্চিত করা; মিশ্র ব্যবহারের, হাঁটার উপযোগী জেলার প্রসার করার মাধ্যমে বাণিজ্যিক করিডোরসমূহকে জোরদার করা; আঞ্চলিকভাবে গুরুত্বপূর্ণ ঐতিহাসিক এবং প্রাকৃতিক সম্পদের উন্নতি করা; কর্মীবাহিনীর সংযোগের সুযোগ সম্প্রসারিত করা; এবং উদ্যোক্তাদের সমর্থন ও বিকাশ করাতে বিনিয়োগ করার মাধ্যমে সিটির ইস্ট সাইডকে পুনর্জীবিত করার জন্য স্টেট একটি প্লেসমেকিং কৌশলে 65 মিলিয়ন মার্কিন ডলার নিবেদিত করেছে।

অ্যাপোলো মিডিয়া সেন্টার প্রথম 2 এপ্রিল, 1941 তারিখে খোলা হয়।বহু বছর ধরে, 900 আসনের থিয়েটারটি অগণিত ঘণ্টার বিনোদন প্রদান করেছে এবং এটি জেফারসন অ্যাভেনিউয়ের বাণিজ্যিক স্ট্রিপের কার্যকলাপের একটি কেন্দ্র ছিলো। কিন্তু, 1966 সালে একটি অগ্নিকাণ্ডে ব্যাপক ক্ষয়ক্ষতি হওয়ার পর থেকে থিয়েটারটি সিনেমা দেখানো বন্ধ করে দেয়। 2001 সালে, অ্যাপোলোকে একটি অত্যাধুনিক টেলিযোগাযোগ ফ্যাসিলিটিতে রূপান্তরিত করা হয়। 18,000 বর্গফুটের ফ্যাসিলিটিতে দুইটি টিভি স্টুডিও, চারটি বেসরকারি এডিটিং স্যুইট, একটি কনফারেন্স কক্ষ, এবং অন্যান্য সুযোগ সুবিধা রয়েছে। পুরনো থিয়েটারটির অনেক অংশ টিকিয়ে রাখা হয়েছে, এবং পুরনো মারকিউকে বৈদ্যুতিক বার্তা বোর্ড দ্বারা প্রতিস্থাপিত করা হয়েছে। লবিটিকে অনন্য "টাইল কুইল্ট" প্রকল্প দ্বারা সজ্জিত করা হয়েছে যেখানে বহু স্থানীয় বাসিন্দার শৈল্পিক প্রতিভা প্রদর্শিত হয়।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) হচ্ছে নিউ ইয়র্কের প্রধান অর্থনৈতিক উন্নয়ন সংস্থা (www.esd.ny.gov)। ESD এর মিশন হচ্ছে একটি উন্নত এবং

ক্রমবর্ধমান অর্থনীতি প্রতিষ্ঠা করা, নতুন কর্মসংস্থান এবং অর্থনৈতিক সুযোগের তৈরিকরণ উৎসাহিত করা, স্টেট এবং তার মিউনিসিপ্যালিটিস রাজস্ব বৃদ্ধি করা এবং স্থিতিশীল ও বৈচিত্র্যময় স্থানীয় অর্থনীতি অর্জন করা। ঋণ, অনুদান, ট্যাক্স ক্রেডিট এবং অন্যান্য ধরনের অর্থনৈতিক সহায়তা ব্যবহারের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটে কর্মসংস্থান সৃষ্টি শুরু করা এবং উন্নত কমিউনিটিকে সহায়তা করার জন্য ESD ব্যক্তিগত ব্যবসায় বিনিয়োগ বৃদ্ধি করার প্রচেষ্টা চালাচ্ছে। এছাড়াও ESD হলো আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলগুলোর এবং স্টেটের আইকনিক পর্যটন ব্র্যান্ড "আই লাভ নিউ ইয়র্ক" এর বিপণনের তত্ত্বাবধানকারী প্রধান প্রশাসনিক সংস্থা। আঞ্চলিক কাউন্সিল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে www.regionalcouncils.ny.gov এবং www.esd.ny.gov দেখুন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন